গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৮৮/২০১৮-১৯

ঢাকা, বৃহস্পতিবার ১ নভেম্বর ২০১৮, ১৭ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ

২। আবার সুযোগ পেলে দেশকে উন্নয়নের কাঙ্ক্ষিত লক্ষ্যে নিয়ে যাব : প্রধানমন্ত্রী

৩। শতভাগ বিদ্যুতের আওতায় আরও ১০২ উপজেলা : প্রধানমন্ত্রী আজ উদ্বোধন করবেন
একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধনও আজ
ঢাকা-নারায়ণগঞ্জ ডুয়েল রেলপথের ভিত্তিপ্রস্তর স্থাপন আজ

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে ডেনমার্কের মন্ত্রী ও ডব্লিউএফপি'র নির্বাহী পরিচালকের বৈঠক :
রোহিঙ্গাদের জন্য সহায়তা অব্যাহত রাখার আশ্বাস

৫। সংলাপ শুরু আজ : প্রধানমন্ত্রীর সঙ্গে বসবেন জাতীয় ঐক্যফ্রন্টের নেতার

৬। নারী ক্রিকেটদলের সদস্য চামেলী খাতুনের চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী

৭। স্পিকারের সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ

৮। সব দলের সঙ্গে সংলাপে বসতে আন্তরিক প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী

৯। নারীদের আয় সংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১০। ইভিএম ব্যবহারের সুযোগ রেখে আরপিও সংশোধন: রাষ্ট্রপতির অধ্যাদেশ জারি

১১। এক সপ্তাহের মধ্যে হতে পারে নির্বাচনের তফসিল ঘোষণা : আন্তঃমন্ত্রণালয় সভা শেষে ইসি সচিব

১২। বিশ্বব্যাংকের ব্যবসা সহজীকরণ রিপোর্ট প্রকাশ : এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে শুরু হতে যাওয়া সংলাপ ভাল ফল নিয়ে আসবে বলে আশা করেছেন যুক্তরাষ্ট্রের বিদায়ী রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট। গতকাল (৩১ অক্টোবর বুধবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বিদায়ী সাক্ষাতে গিয়ে তিনি এ আশাবাদ প্রকাশ করেন। রাষ্ট্রপতি সাফল্যের সঙ্গে কর্মকাল শেষ করার জন্য মার্শা বার্নিকাটকে অভিনন্দন জানান। রাষ্ট্রপতি বলেন, তাঁর দায়িত্ব পালনের সময় বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও সুদৃঢ় হয়েছে এবং বাণিজ্য-বিনিয়োগসহ বিভিন্ন ক্ষেত্রে সম্প্রসারিত হয়েছে। এছাড়া রাষ্ট্রপতি রোহিঙ্গাদের সহায়তায় যুক্তরাষ্ট্রের পদক্ষেপ এবং তাদের প্রত্যাবর্তনে অব্যাহত সহযোগিতার প্রশংসা করেন। রাষ্ট্রপতি আশা করেন ভবিষ্যতেও এ প্রচেষ্টা অব্যাহত থাকবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক. ৬), **সমকাল** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

২। **আবার সুযোগ পেলে দেশকে উন্নয়নের কাঙ্ক্ষিত লক্ষ্যে নিয়ে যাব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যেকোনো মুহূর্তে নির্বাচন কমিশন আগামী জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করবে। আমরা নির্বাচনে অংশগ্রহণ করব। জনগণ ভোট দিয়ে আবার আওয়ামী লীগকে বিজয়ী করলে দেশকে উন্নয়নের কাঙ্ক্ষিত লক্ষ্যে নিয়ে যাব, জনগণের সেবা করতে পারব। গতকাল (৩১ অক্টোবর বুধবার) রাজধানীর মহাখালীস্থ বক্ষব্যাধি হাসপাতাল প্রাঙ্গণে শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল ভবন উদ্বোধন এবং আরো কয়েকটি স্বাস্থ্যসেবা প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ,ক.২)।

৩। **শতভাগ বিদ্যুতের আওতায় আরও ১০২ উপজেলা : প্রধানমন্ত্রী আজ উদ্বোধন করবেন**
একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধনও আজ
ঢাকা-নারায়ণগঞ্জ ডুয়েল রেলপথের ভিত্তিপ্রস্তর স্থাপন আজ

দেশের আরও ১০২ উপজেলার শতভাগ মানুষ আজ (১ নভেম্বর বৃহস্পতিবার) থেকে বিদ্যুৎ সুবিধার আওতায় আসছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ বিদ্যুতায়ন কার্যক্রম আজ উদ্বোধন করবেন। একইসঙ্গে নতুন সাতটি বিদ্যুৎকেন্দ্র চালু হচ্ছে। এগুলোরও উদ্বোধন ঘোষণা করা হবে। পাশাপাশি তেলের একটি পাইপলাইন নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন তিনি। এর আগে ৮০টি উপজেলা শতভাগ বিদ্যুতায়িত হয়েছে। গতকাল (৩১ অক্টোবর বুধবার) বিদ্যুৎভবনে এক সংবাদসম্মেলনে এসব তথ্য জানানো হয়।

এছাড়া, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১ নভেম্বর বৃহস্পতিবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তথ্য ভবন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন, বাংলাদেশ বেতারের গোপালগঞ্জ কেন্দ্র উদ্বোধন করবেন। এছাড়া প্রধানমন্ত্রী আজ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রামের ১৬টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন।

রাজধানীর যানজট নিরসনে ঢাকা থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত ১২ কিলোমিটার ডুয়েলগেজ রেলপথ নির্মাণকাজ শুরু হচ্ছে আজ। গণভবন থেকে আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রকল্পের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রী কাশিয়ানী থেকে গোপালগঞ্জ পর্যন্ত ৪৪ কিলোমিটার রেললাইন চালু, গোপালগঞ্জ-রাজশাহী রুটের টুঙ্গিপাড়া এক্সপ্রেস ও গাজীপুরের বঙ্গবন্ধু হাইটেক সিটি রেলওয়ে স্টেশন চালুসহ চারটি প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে ডেনমার্কের মন্ত্রী ও ডব্লিউএফপি'র নির্বাহী পরিচালকের বৈঠক :**
রোহিঙ্গাদের জন্য সহায়তা অব্যাহত রাখার আশ্বাস

মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের প্রত্যাবাসন এবং এদেশে তাদের অবস্থানকালে বাংলাদেশকে সহায়তা অব্যাহত রাখার ব্যাপারে আশ্বাস দিয়েছে ডেনমার্ক সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)। গতকাল (৩১ অক্টোবর বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে সফররত ডেনমার্কের উন্নয়ন সহযোগী বিষয়কমন্ত্রী উলা পেডারসন টরনাস এবং ডব্লিউএফপি'র নির্বাহী পরিচালক ডেভিড বিসলে সাক্ষাৎকালে এ আশ্বাস দেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, উলা পেডারসন টরনাস মূলত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা করেন এবং রোহিঙ্গা জনগোষ্ঠীর জন্য ডেনমার্ক সরকারের মানবিক সহায়তা হিসেবে ৩৫ মিলিয়ন মার্কিন

ডলার প্রদানের সিদ্ধান্ত সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। ডেনমার্কের মন্ত্রী মিয়ানমারের বিপুলসংখ্যক বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় এবং তাদের জন্য খাদ্য ও স্বাস্থ্যসেবা ও তাদের শিশুসন্তানদের শিক্ষার ব্যবস্থা করায় বাংলাদেশ সরকারের প্রশংসা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মিয়ানমার তার নাগরিকদের ফেরত নিতে সম্মত হওয়ায় রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়া খুব শীঘ্রই শুরু হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

৫। সংলাপ শুরু আজ : প্রধানমন্ত্রীর সঙ্গে বসবেন জাতীয় ঐক্যফ্রন্টের নেতারা

আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন রাজনৈতিক দল-জোটের সঙ্গে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সংলাপ শুরু হচ্ছে আজ ১ নভেম্বর বৃহস্পতিবার। আজ সন্ধ্যা সাতটায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে সাত দফা দাবি নিয়ে সংলাপে অংশ নেবে নবগঠিত জাতীয় ঐক্যফ্রন্ট। এ সংলাপে আওয়ামী লীগসহ ১৪ দলের মোট ২৩ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আর বিএনপি, গণফোরাম, জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি, নাগরিক ঐক্য ও জাতীয় ঐক্য প্রক্রিয়াকে নিয়ে গঠিত জাতীয় ঐক্যফ্রন্টের ১৬ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ড. কামাল হোসেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৬। নারী ক্রিকেটদলের সদস্য চামেলী খাতুনের চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী

বাংলাদেশ নারী ক্রিকেটদলের অলরাউন্ডার চামেলি খাতুন দলের অন্য ক্রিকেটারদের সঙ্গে মিলে দেশের মুখ উজ্জ্বল করেছেন। তিনি গত এক মাস ধরে জটিল রোগে আক্রান্ত হওয়ায় তাঁর চিকিৎসার দায়িত্ব নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬)।

৭। স্পিকারের সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সাথে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শিয়া বার্নিকাট গতকাল (৩১ অক্টোবর বুধবার) তাঁর কার্যালয়ে বিদায়ী সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তাঁরা সংসদীয় কার্যক্রম, নির্বাচন প্রক্রিয়া, বাংলাদেশের উন্নয়ন, নারী ক্ষমতায়ন, পর্যটন শিল্পসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এ সময় স্পিকার বলেন, দশম জাতীয় সংসদ ছিল অনন্য। এ সংসদের মেয়াদে ২০১৭ সালে একই বছরে ১৩৬তম আইপিইউ ও ৬৩তম সিপিএ-এ দু'টি আন্তর্জাতিক সম্মেলন সফলভাবে আয়োজন করেছে বাংলাদেশ। আইন প্রণয়নেও এ সংসদের অর্জন অসামান্য। এছাড়া ২৩ জন সরাসরি নির্বাচিতসহ সংরক্ষিত ৫০ জন, মোট ৭৩ জন নারী সংসদসদস্য দশম সংসদে ভূমিকা রেখেছেন, যা নারীর ক্ষমতায়ন অগ্রযাত্রায় মাইলফলক। মার্শিয়া বার্নিকাট বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়নের প্রশংসা করে বলেন, বাংলাদেশ শিল্প-সংস্কৃতিতে অত্যন্ত সমৃদ্ধ। সংগীত ও সংস্কৃতিকে পুঁজি করে বাংলাদেশ পর্যটনশিল্পে সম্ভাবনার উজ্জ্বল দ্বার উন্মোচন করতে পারে। বাংলাদেশে অবস্থানকালীন সময়কে মধুর উল্লেখ করে তিনি এ দেশের জনগণের আতিথেয়তায় সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪) **ভোরের কাগজ** (পৃ.৮,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

৮। সব দলের সঙ্গে সংলাপে বসতে আন্তরিক প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংলাপের বিষয়ে অত্যন্ত আন্তরিক। জাতীয় ঐক্যফ্রন্ট ছাড়াও অন্য দলগুলোর সঙ্গে তিনি আলোচনায় বসতে চান। যেসব দল সংলাপে বসার প্রস্তাব দেবেন প্রধানমন্ত্রী তাদের সঙ্গেই সংলাপে বসতে আগ্রহী। গতকাল (৩১ অক্টোবর বুধবার) সচিবালয়ে নিজ দপ্তরে বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত ম্যারি অ্যানিক বর্ডিন এবং জার্মানির রাষ্ট্রদূত পিটার ফারেনহোতির সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

৯। নারীদের আয় সংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

দারিদ্র্য বিমোচনে দেশের অন্তত ২ কোটি নারী যেন ঘরে বসেই আয় করতে পারে, এ লক্ষ্যে সরকার নারীদের ১৮ ধরনের ট্রেনিং দিয়ে যাচ্ছে এবং সারাদেশে নারীরা কাজ করছে। হতদরিদ্রদের জন্য ভাতা ব্যবস্থাও রয়েছে বলে জানান মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। গতকাল (৩১ অক্টোবর বুধবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'নারী ও শিশুর সুরক্ষায় সাংবাদিকদের ভূমিকা' শীর্ষক কর্মশালার আয়োজন করে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় ও ডিআরইউ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

১০। **ইভিএম ব্যবহারের সুযোগ রেখে আরপিও সংশোধন : রাষ্ট্রপতির অধ্যাদেশ জারি**

একাদশ সংসদ নির্বাচনে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহারের সুযোগ রেখে গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধন হয়েছে। মন্ত্রিসভায় অনুমোদনের পর সংসদ অধিবেশন না বসায় গতকাল (৩১ অক্টোবর বুধবার) রাষ্ট্রপতির স্বাক্ষরে সংশোধিত আইনের অধ্যাদেশ জারি হয়েছে। রাষ্ট্রপতির প্রেসসচিব জয়নাল আবেদিন এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

১১। **এক সপ্তাহের মধ্যে হতে পারে নির্বাচনের তফসিল ঘোষণা : আন্তঃমন্ত্রণালয় সভাশেষে ইসি সচিব**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল এক সপ্তাহের মধ্যে ঘোষণা করা হতে পারে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন (ইসি) সচিব হেলালুদ্দীন আহমদ। তিনি জানান, তফসিল ঘোষণার আগে ও পরের প্রস্তুতি নিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং বিভাগকে নির্দেশনা দেওয়া হয়েছে। ১০ ডিসেম্বরের মধ্যে শিক্ষাপ্রতিষ্ঠানের সব ধরনের পরীক্ষা শেষ করতে বলা হয়েছে। তিনি আরো জানান, আগামী জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হতে আয়কর রিটার্ন জমা দেওয়া বাধ্যতামূলক নয়। গতকাল (৩১ অক্টোবর বুধবার) একাদশ সংসদ নির্বাচনের প্রাক-প্রস্তুতি নিয়ে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সঙ্গে ইসি'র বৈঠকশেষে ইসি সচিব এসব কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

১২। **বিশ্বব্যাংকের ব্যবসা সহজীকরণ রিপোর্ট প্রকাশ : এক ধাপ এগিয়েছে বাংলাদেশ**

ব্যবসা সহজীকরণের সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। বিশ্বব্যাংক প্রকাশিত 'ডুইং বিজনেস রিপোর্ট' এ ১৯০টি দেশের মধ্যে বাংলাদেশ রয়েছে ১৭৬তম অবস্থানে। এক বছর আগে ১৭৭তম অবস্থানে ছিল বাংলাদেশ। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সম্প্রতি আইন ও সালিশ কেন্দ্রের একটি গবেষণায় জানা গেছে, বাংলাদেশে সাইবার অপরাধের শিকার হয়ে আইনি পদক্ষেপ নেওয়াদের ৫৪ শতাংশই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ভূমিকায় সন্তুষ্ট নয় উল্লেখ করে সাইবার অপরাধীদের ধরতে আধুনিক প্রযুক্তির সঠিক ব্যবহার ও আইনের যথার্থ প্রয়োগ করতে প্রশিক্ষিত দক্ষ জনবলও প্রয়োজন বলে মত প্রকাশ।

খ. **যুগান্তর, বণিক বার্তা, যায়যায়দিন, নিউজ টুডে, ডেইলি সান** : বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের নভেম্বরের মাঝামাঝি সময়ে মিয়ানমারে প্রত্যাবাসন শুরুর সিদ্ধান্তটি ইতিবাচক উল্লেখ করে রোহিঙ্গারা যাতে এদেশে আবারও ফিরে না আসে সেজন্য তাদের সেদেশে নিরাপদে বসবাসের পরিবেশ তৈরি করা গুরুত্বপূর্ণ বলে মন্তব্য।

গ. **সমকাল :** দুর্নীতিবাজদের বাজেয়াপ্ত হওয়া সম্পদ রাষ্ট্রের কাছে হস্তান্তরের সুযোগ রেখে সরকার প্রজ্ঞাপন জারি করার বিষয়টিকে স্বাগত জানিয়ে দুর্নীতির বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

ঘ. **সংবাদ** : পার্বত্য চট্টগ্রামভিত্তিক একাধিক আঞ্চলিক সংগঠনের কাছে অত্যাধুনিক ও ভারি অস্ত্র রয়েছে গোয়েন্দা সূত্রের ভিত্তিতে একটি প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে পার্বত্যাঞ্চলের সকল সংগঠনের অস্ত্র আর অর্থের উৎস বন্ধ করার দাবি।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের অর্থনৈতিক উন্নয়নে কারিগরি শিক্ষায় জনগণকে দক্ষ করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার বৈষম্য কমানো বাংলাদেশের সামাজিক অগ্রগতির একটি অত্যন্ত উল্লেখযোগ্য দিক।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'কর্মজীবী নারীদের সমস্যা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কর্মক্ষেত্রে নারীদের কাছ থেকে আশানুরূপ কর্মের প্রত্যাশা পূরণে তাদের থাকার জন্য পর্যাপ্ত আবাসিক হোস্টেলের ব্যবস্থা করতে হবে।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা